



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩১.২০১৯/ ১৫৪৭/৭

তারিখঃ ০৭/০৯/১৪২৭ বঙ্গাব্দ  
২২/১২/২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন দুলারহাট আদর্শ ডিগ্রী কলেজের অধ্যক্ষ জনাব এ.কে.এম.শাহে আলম এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ১. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৯.২০১৭ (খন্ড-১)/৯৪, তারিখ: ১১/০৬/২০২০খ্রি.

২. রিট পিটিশন নং-৬৮২৩/২০২০ (ভার্চুয়াল কোর্ট রিট পিটিশন নং-২৭৬/২০২০)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার চরফ্যাশন উপজেলার দুলারহাট আদর্শ ডিগ্রী কলেজের সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব হাসনা হেনা নিয়োগ পরীক্ষায় প্রথম স্থান অধিকার করলেও অন্য একজনের এমপিও সুপারিশ করা এবং বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তাকে তদন্ত কাজে অসহযোগিতা করায় শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত পত্রে ১ নং পত্রের ক অংশে সরকারি নির্দেশনা পালন না করায় জনাব এ.কে.এম.শাহে আলম (অধ্যক্ষ) দুলারহাট আদর্শ কলেজ এর এম.পি.ও সাময়িকভাবে স্থগিতকরণ এবং তার এমপিও স্থায়ীভাবে বন্ধ করা হবে না সে মর্মে কারণ দর্শানোর জবাব প্রাপ্তির পর উক্ত জবাবের উপর মতামতসহ প্রতিবেদন প্রেরণ এবং সূত্রোক্ত ২ নং স্মারকে উক্ত পত্রের বিরুদ্ধে রিট পিটিশন দায়ের করেন। বর্ণিত বিষয়ে আইন উপদেষ্টা মতামত প্রদান করেনঃ

**বিজ্ঞ আইন উপদেষ্টার পর্যালোচনা:**

ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন “দুলারহাট আদর্শ কলেজের” অধ্যক্ষের অবাধ্যতার এবং নিয়োগ প্রক্রিয়ায় অনিয়মের বিষয়ে অধ্যক্ষ জনাব এ.কে.এম.শাহে আলম এর বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়। এর প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় থেকে বিগত ১১/০৬/২০২০ তারিখের পত্রে অধ্যক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং প্রভাষক (সমাজবিজ্ঞান) পদে নিয়োগ পরীক্ষায় ১ম স্থান অর্জনকারী জনাব হাসনা হেনার বিষয়ে প্রতিবেদন প্রেরণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে অনুরোধ করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের আদেশ চ্যালেঞ্জ করে অধ্যক্ষ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৮২৩/২০২০ (ভার্চুয়াল কোর্ট রিট পিটিশন নং-২৭৬/২০২০) দায়ের করেন। উক্ত রিট পিটিশনে বিগত ১৫/০৭/২০২০ তারিখের আদেশে মহামান্য ভার্চুয়াল কোর্ট শিক্ষা মন্ত্রণালয়ের ১১/০৬/২০২০ তারিখের পত্রের অধ্যক্ষের বেতন (এমপিও) সাময়িকভাবে স্থগিতকরণের অংশকে স্থগিত করেন। একইসাথে মহামান্য আদালত শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের প্রেক্ষিতে অধ্যক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার জন্য বিধি মোতাবেক প্রসিডিং (Proceeding) কার্যক্রম চালু রাখার জন্য বিবাদীগণ-কে পূর্ণ স্বাধীনতা প্রদান করেন।

উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত: শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের আলোকে, অধ্যক্ষের এমপিও স্থায়ীভাবে বন্ধকরণের কারণ দর্শানোর প্রক্রিয়া চলমান রেখে অধ্যক্ষের বিরুদ্ধে প্রসিডিং (Proceeding) কার্যক্রম চালানো যাবে। উল্লেখ্য যে, কার্যক্রম গ্রহণ শেষে বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে”।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পত্র এবং বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী ভোলা জেলার চরফ্যাশন উপজেলার দুলারহাট আদর্শ ডিগ্রী কলেজের সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব হাসনা হেনা নিয়োগ পরীক্ষায় প্রথম স্থান অধিকার করলেও অন্য একজনের এমপিও সুপারিশ করা এবং বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তাকে তদন্ত কাজে অসহযোগিতা করায় কেন তাঁর এমপিও স্থায়ীভাবে কর্তন করা হবে না কেন এ বিষয়ে পত্র প্রাপ্তির ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২.১০.২০২০  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোন নং- ৯৫৫৬০৫৭  
Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

দুলারহাট আদর্শ ডিগ্রী কলেজ

চরফ্যাশন, ভোলা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল (অধ্যক্ষের পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করনের অনুরোধসহ)।
- ৩। সভাপতি, পরিচালনা পরিষদ, দুলারহাট আদর্শ ডিগ্রী কলেজ, চরফ্যাশন, ভোলা।
- ৪। উপ-পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।  
(অধ্যক্ষের পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করনের অনুরোধসহ)
- ৪। শিক্ষা অফিসার (আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ভোলা (অধ্যক্ষের পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করনের অনুরোধসহ)।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা (অধ্যক্ষের পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করনের অনুরোধসহ)।
- ৭। সংরক্ষণ নথি।